

# ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি নিয়মাবলী

পশ্চিমবঙ্গ রাষ্ট্ৰীয় বিশ্ববিদ্যালয়ের

অধীনে দীনবন্ধু মহাবিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিম্নলিখিত  
বিষয়ে অনার্স পড়ানো হবে।

বিভাগ	বিষয় (Subjects)
<u>বি.এ. অনার্স</u>	ক) বাংলা খ) ইংরাজি গ) সংস্কৃতি ঘ) দর্শন ঙ) রাষ্ট্রবিজ্ঞান চ) ইতিহাস ছ) শিক্ষাবিজ্ঞান জ) ভূগোল।
<u>বি.এসসি. অনার্স</u>	ক) এ্যানথ্রোপলজি খ) বোটানি গ) জুলজি ঘ) পদার্থবিদ্যা ঙ) রসায়ন চ) অক্ষ ছ) ভূগোল জ) অর্থনীতি ঝ) কম্পিউটার সায়েন্স।
<u>বি.কম. অনার্স</u>	ক) অ্যাকাউন্টেন্সি

বিভিন্ন অনার্স বিষয়ে আসন সংখ্যা এবং অনার্সের সহিত

যে সমস্ত জেনারেল বিষয় নেওয়া যাবে তা কলেজ ওয়েবসাইটে ইংরেজিতে বর্ণনা  
করা আছে। ছাত্র ছাত্রীরা সেই তালিকা দেখে নেবে।

## **\* ভর্তির তথ্য \***

১) ২০১৭ সালের উচ্চ মাধ্যমিকের ফল বের হওয়ার ২৪ ঘন্টা পর

[www.online.dinabandhumahavidyalaya.org](http://www.online.dinabandhumahavidyalaya.org) তে অনার্স ও জেনারেল এর ফর্ম ফিলাপ/পূরণ করা যাবে।

২) যে সকল ছাত্রছাত্রী উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অন্তত পাঁচটি(৫) বিষয়ে ইংরেজি সহ পাশ করবে তারাই ভর্তির আবেদন করতে পারবে।

৩) আগের তিনটি শিক্ষাবর্ষে অর্থাৎ ২০১৪, ২০১৫ এবং ২০১৬ শিক্ষাবর্ষে পাশ করলেও আবেদন করার সুযোগ থাকবে।

## **\*\* ফর্ম ফিলাপের পদ্ধতি \*\***

১) ইন্টারনেটে [onlinedinabandhumahavidyalaya.org](http://onlinedinabandhumahavidyalaya.org) খুলে application procedure অংশটিতে ক্লিক করে ভর্তি ও ফর্ম ফিল আপের বিশদ তথ্যাবলী জেনে নিতে হবে।

২) জন্ম তারিখ বসানোর সময় সতর্ক থাকতে হবে। Submission এর পর জন্ম তারিখ সংশোধন করা যাবেনা।

৩) একটি 'Filled – up' sample form দেওয়া থাকবে।

৪) ফর্ম অনলাইনে জমা করার পর টাকা জমা দেওয়ার জন্য তিনটি উপায় পাওয়া যাবে:-  
ক) ব্যাঙ্কে গিয়ে টাকা জমা দিয়ে, খ) Net Banking, গ) ডেবিট বা ক্রেডিট কার্ড + এর মাধ্যমে।

৫) অনলাইন জমা দেওয়ার পর Application form টি Print করে নিজের কাছে রাখতে হবে।

৬) অনার্সের মেধা তালিকা এবং কেবল Physical Education এর General course এর মেধা তালিকা website এ ও কলেজের নোটিশ বোর্ডে জানানো হবে।

৭) সমস্ত অনার্স বিষয় এবং কেবল মাত্র Physical Education এর General Course এর Counselling এর জন্য নির্দিষ্ট দিনে কলেজে উপস্থিত থাকতে হবে। Counselling এর তারিখ website এ নির্দিষ্ট সময়ে জানানো হবে।

৪) ফর্ম - ফিলাপ জনিত যে কোন সমস্যা বা সাহায্যের জন্য কলেজে যোগাযোগ করতে হবে।

# পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের নিম্ন অন্তর্গত অনার্সে ভর্তি কন্য

## যোগ্যতার শর্তাবলীঃ-

পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত প্রথম বর্ষের রেগুলার সাম্মানিক (Honours) পাঠক্রমে ভর্তি যোগ্যতার শর্তাবলী নিম্নরূপঃ-

(ক) সাধারণ (অসংরক্ষিত) শ্রেণীভুক্ত ছাত্রছাত্রীদের জন্যঃ-

১) পূর্ববর্তী পরীক্ষায় ন্যূনতম মোট নম্বর ৫০% এবং সংশ্লিষ্ট বিষয়ে ৪৫% অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্পর্কিত অন্য কোন বিষয়ে ৪৫% নম্বর থাকতে হবে।

অথবা

২) সংশ্লিষ্ট বিষয়ে ৫৫% অথবা সম্পর্কিত অন্য কোনো বিষয়ে ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে।

(খ) তপশিলী জাতি বা উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের জন্যঃ-

পূর্ববর্তী পরীক্ষায় ন্যূনতম মোট নম্বর ৪০% এবং সংশ্লিষ্ট বিষয়ে ৪০% বা কোনো বিষয়ে ৪০% নম্বর থাকতে হবে।

\*\*\* সাম্মানিক বিষয়ের ক্ষেত্রে নম্বর হিসাব করার পদ্ধতি\*\*\*

মেধা নম্বর (Merit Marks) = সেরা চারটি বিষয়ে প্রাপ্ত নম্বর + সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত নম্বর

উচ্চ মাধ্যমিক পর্যায়ে আবেদনকারী দ্বারা প্রাপ্ত সেরা চারটি নম্বর গণ্য হবে।

‘পরিবেশ বিদ্যা’ (Environmental Studies) এ প্রাপ্ত নম্বর অন্তর্ভুক্ত হবে না।

এমন কোনো বিষয় যা আবেদনকারী/আবেদনকারিণী অনার্স বিষয় হিসাবে নির্বাচন করেছে অথচ উচ্চমাধ্যমিক পর্যায়ে তাতে পাশ করেনি, উক্ত/সেই বিষয়ে তার প্রাপ্ত নম্বর, মূল্যায়নের সময়, শূন্য (‘0’) ধরা হবে।

☆ জেনারেল (সাধারণ) বিষয়ের ক্ষেত্রে নম্বর হিসাব করার পদ্ধতিঃ-

মেধা নম্বর = সেরা পাঁচটি বিষয়ে প্রাপ্ত নম্বরের যোগফল। (‘পরিবেশ বিদ্যা’ (Environmental Studies) এ প্রাপ্ত নম্বর এর অন্তর্ভুক্ত হবে না।)

☆ পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ (West Bengal Council of Higher Secondary Education) ব্যতীত অন্য যে কোনো বোর্ডের ছাত্রছাত্রীরা ও

ভর্তির আবেদন করতে পারবে, কিন্তু তার জন্য যথাযথ কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত Migration Certificate পেশ করা বাধ্যতামূলক। মুক্ত বিদ্যালয় অথবা Distance Education এর ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবে।

**আবেদনপত্র পূরণ করার সময় আবেদনকারীকে  
নিম্নলিখিত শর্তাবলী স্মরণ রাখতে হবে:**

- ১) একটি আবেদনপত্রে ৩ (তিন)টির বেশী Honours বিষয়ের জন্য আবেদন করা যাবে না।
- ২) সমস্ত প্রাসঙ্গিক তথ্য যা আবেদনপত্রে জানতে চাওয়া হয়েছে সেগুলি যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল হয়ে যাবে।
- ৩) আবেদনকারী/আবেদনকারিণীকে সমস্ত নির্দেশাবলী পুঙ্খানুপুঙ্খভাবে পড়তে হবে।
- ৪) তাকে নিজের সাম্প্রতিকতম passport size ছবি upload করতে হবে, যা পরে তার আবেদনপত্রে অন্তর্ভুক্ত হবে।
- ৫) এই ভর্তি সম্পূর্ণ সাময়িক। অসম্পূর্ণ অথবা ভ্রান্ত তথ্যাদি পেশ করলে এই ভর্তি বাতিল হয়ে যাবে।
- ৬) আবেদনপত্র পূরণ এবং ভর্তির সময় শেষ মুহূর্তেও পরিবর্তিত হতে পারে। সে জন্য আবেদনকারীদের অবশ্যই নিয়মিত মহাবিদ্যালয়ের ওয়েবসাইট দেখতে হবে।

**অ্যাডমিশনঃ- প্রথম বর্ষ**  
**বি.এ. / বি.এস.সি./ বি.কম.**  
**(স্নাতক ও সাধারণ)**  
**শিক্ষাবর্ষঃ ২০১৭-২০১৮**

১) আবেদনপত্র অনলাইন জমা পড়তেই কম্পিউটারের স্ক্রিনে ব্যাঙ্ক Payment - এর option দেখা দেবে, যার মাধ্যমে নেট ব্যাঙ্কিং/ ক্রেডিট বা ডেবিট কার্ড/ ক্যাশ – দ্বারা ব্যাঙ্ক payment করা যাবে।

২) উপরোক্ত যে কোনো একটি পদ্ধতিতে payment করার পর স্বয়ংক্রিয়ভাবে একটি payment challan পর্দায় ভেসে উঠবে। সঙ্গে সঙ্গে আবেদনকারী প্রদত্ত মোবাইল নম্বরে ব্যাঙ্কের তরফ থেকে একটি SMS আসবে।

৩) ক্যাশ দ্বারা payment এর ক্ষেত্রে একটি Bank Challan পর্দায় দেখা যাবে। আবেদনকারীকে ঐ challan এর Printout নিয়ে Axis Bank, Bongaon branch - এ টাকা Pay করার সময় ঐ challan পেশ করতে হবে।

# ভর্তির জন্য

## প্রদেয় অর্থ সংক্রান্ত বিশদ তথ্য .

৪) ক) সাম্মানিক বিষয়ের ক্ষেত্রে:-

Application ফি	২০০.০০		Application ফি	২০০.০০
ব্যাঙ্ক Charge (ক্যাশ Payment)	২০.০০		ক্রেডিট বা ডেবিট কার্ডের ক্ষেত্রে(নেট ব্যাঙ্কিং)	৩.৭৫
Service Charge	৩.৭৫			
মোট	২২৩.৭৫			২০৩.৭৫

খ) সাধারণ বিষয়ের ক্ষেত্রে:-

প্রত্যেক General course এ ভর্তির ক্ষেত্রে আবেদনকারীকে application fee এবং admission fee একই সঙ্গে জমা করতে হবে। তার তালিকা নিম্নে দেওয়া হল।

Sl. No.	Stream	Admission Fee	Application Fee	Total
1.	B.A. General	1126	150	1126+150+Bank Charge(20)+ Service charge(3.75)=1299.75
2.	B.A. General with Physical Education	1566	150	1566+150+ Bank Charge(20)+ Service charge(3.75)=1739.75
3.	B.A. General with Geography	1466	150	1466+150+ Bank Charge(20)+ Service charge(3.75)=1639.75
4.	B.Com. General	1166	150	1166+150+Bank Charge(20)+ Service charge(3.75)=1339.75
5.	B.Sc. General	1466	150	1466+150+ Bank Charge(20)+ Service charge(3.75)=1639.75

৫) আবেদনপত্র online জমা দেওয়ার ৩(তিন) দিনের মধ্যে ব্যাঞ্চে সমস্ত ফি অবশ্যই জমা করতে হবে।

৬) সমস্ত Payment সম্পন্ন হওয়ার ৩ (তিন) দিন পরে আবেদনকারী তার প্রদত্ত payment এর পূর্ণাঙ্গ চিত্রটি দেখতে পাবে।

৭) সমস্ত Payment সফল ভাবে সম্পন্ন হতেই আবেদনকারী তার দ্বারা প্রদত্ত মোবাইল নম্বরে ব্যাঙ্কের তরফ থেকে একটি SMS আসবে।

৮) Admission এর প্রস্তাবিত শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার ৪(চার)দিন পর ভর্তির যোগ্য candidate দেব একটি সাময়িক (Provisional) তালিকা প্রকাশ করা হবে।

৯) যদি কোনো আবেদনকারী ওই সাময়িক (Provisional) তালিকায় নিজের নাম খুঁজে না পায়, তাহলে তাকে ব্যাঙ্ক প্রদত্ত রসিদ/ Deposit slip সহ কলেজের office এ যোগাযোগ করতে হবে। সমস্ত Payment সফল ভাবে সম্পন্ন হওয়া সত্ত্বেও কোনো আবেদনকারী SMS না পেলে তাকে তৎক্ষণাত্ ব্যাঙ্কে সে বিষয়ে অবগত করতে হবে।

১০) তালিকাভুক্ত আবেদনকারীরা ব্যাঞ্চে সমস্ত Payment করার ৪ (চার) দিনের মধ্যে কলেজে আসবে নিম্নলিখিত কাগজপত্র সহ ---

ক) Payment challan, খ) পূর্ববর্তী পরীক্ষার মার্কসীট (Original)

গ) Caste Certificate (Original). ঘ) প্রতিবন্ধী (Disability) Certificate (যদি থাকে)।

ঙ) School Leaving Certificate (Original).

চ) বাসস্থানের প্রমাণপত্র(সচিত্র ভোটার পরিচয়পত্র/ রেশনকার্ড/ আধার কার্ড Original)

ছ) ২(দুই)টি সাম্প্রতিক Passport size ছবি। জ) আধার কার্ড।

উপরোক্ত Original প্রমাণপত্রগুলিকে যথাযথভাবে প্রত্যয়িত করিয়ে আবেদনকারী ভর্তি নেবে এবং তারপর কলেজ থেকে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.), পরিচয়পত্র (ID Card), ইত্যাদি সংগ্রহ করবে। অন্যথায় তার ভর্তির আবেদন নাকচ করে দেওয়া হবে।

১১) First List প্রকাশিত হওয়ার পরও কোনো বিষয়ে যদি আসন শূন্য থাকে তাহলে Second List প্রকাশিত হবে। অপূর্ণ আসন সংখ্যার ভিত্তিতে প্রয়োজনে Third List প্রকাশিত হতে পারে।

Sd/-  
Dr. Biswajit Ghosh  
Principal  
Dinabandhu Mahavidyalaya  
Bongaon, North 24 Parganas.